# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

## (বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, প্লট # ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮১৪৪০৪৬, ফ্যাক্সঃ ৯১২৪৬২৬ ই-মেইলঃ bcc@bcc.net.bd Web Site: http://www.bcc.net.bd

তারিখঃ ১৩ ডিসেম্বর ২০১০

## প্রেস বিজ্ঞপ্তি

### "ডিজিটাল স্বাক্ষর ও আমাদের করণীয়" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচের উদ্বোধন

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে এবিষয়ে জনবল তৈরীতে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়াধীন "দেশে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তন ও Office of the Controller of Certifying Authority-এর কার্যালয় চালুকরণ" কর্মসূচীর আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ অনুযায়ী দেশে ই-পেমেন্ট, ই-লেনদেন, ই-কমার্স, ই-প্রকিউরমেন্ট, সর্বোপরি ই-গভর্ণেন্স চালুর উদ্দেশ্যে ডিজিটাল স্বাক্ষর চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অন্যদিকে ডিজিটাল স্বাক্ষর চালু করার লক্ষ্যে সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ (সিএ) লাইসেন্স প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। ডিজিটাল স্বাক্ষর পদ্ধতির পরিচিতি, ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের ক্ষেত্রসমূহ এবং অন্যান্য বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার কর্মকর্তা/প্রতিনিধিদের সমন্বয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এ ২(দুই) দিন ব্যাপি একটি সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স প্রবর্তন করা হয়েছে। উক্ত কোর্সের ৩য় ব্যাচে মোট ৩৩ জন কর্মকর্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেছেন।

প্রশিক্ষণ কোর্সটির মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডঃ জাহিদুর রহমান, প্রফেসর, কম্পিউটার বিজ্ঞান ও ইলেক্ট্রনিক বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং জনাব মুনির হাসান, পরামর্শক, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানটি উদ্বোধন করেন জনাব মোঃ মাহফুজুর রহমান, কার্যনির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও কন্ট্রোলার, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ-এর কার্যালয়।

